দৈনিক খবর

তারিখ 23 AUG 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

৯

125

# প্রাথমিক শিক্ষা কার্যক্রম প্রধানমন্ত্রীর নিয়ন্ত্রণে ন্যস্ত

০ কাজী আবদুল হান্নান ০

দেশের প্রাথমিক শিক্ষা কার্যক্রমকে শিক্ষা মন্ত্রণালয় থেকে বিচ্ছিন্ন করা হয়েছে। এখন থেকে সরাসরি প্রধানমন্ত্রীর নিয়ন্ত্রণে এর কার্যক্রম পরিচালিত হবে। এ উদ্দেশ্যে 'প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ' নামে একটি নতুন বিভাগ গঠন করা হয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রজ্ঞাপনের

২ এর পাতায় দেখুন

## প্রাথমিক শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

মাধ্যমে সরকার এই নতুন বিভাগ গঠন করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে স্মারক নং- মপবি-৪/১৬/৮৯-বিধি (অংশ-৩) ১৪১-এর অধীনে এই প্রজ্ঞাপনটি জারি করা হয় গত ১৫ই আগস্ট তারিখ দিয়ে। প্রজ্ঞাপনে নতুন এই সংস্কারের কোন কারণ উল্লেখ নেই। তবে জানা গেছে মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী এই প্রজ্ঞাপন জারি করা হয়।

জানা গেছে, ২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্য সামনে রেখে নতুন এই উদ্যোগ নেয়া হয়েছে। শিক্ষা বিভাগের আওতায় দেশের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক কার্যক্রম পরিচালনার দায়িত্ব ন্যস্ত থাকায় সার্বজনিন প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনা বিঘ্নিত হয়েছে বলে সরকার মনে করছেন। একই সাথে গণশিক্ষা কার্যক্রমের সাথে বিনামূল্যে প্রাথমিক শিক্ষা কার্যক্রমের সহায়ক সম্পর্কের কথা বিবেচনায় রেখে দু'টি পৃথক ব্যবস্থাকে সমন্বিত করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানান। সার্বজনিন প্রাথমিক শিক্ষার ব্যাপক কার্যক্রম পরিচালনের কাজ বেগবান ও নির্বিঘ্ন করার উদ্দেশ্য সামনে রেখে এর নিয়ন্ত্রণ সরাসরি প্রধানমন্ত্রীর অধীনে নেয়া হয়েছে বলেও মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে জানা গেছে। নতুন বিভাগ পরিচালনার ক্ষেত্রে প্রায় ৬০ জন নতুন কর্মকর্তা নিয়োগ করা হচ্ছে।